

বিক্রমিক সংবাদ

তারিখ: ২০০২-১১-২৮  
সংখ্যা: ২

NOV. 28 2002

## পলিটেকনিক গ্রাজুয়েটদের মেধাপদক প্রদান

শিক্ষামন্ত্রী ড. এম. ওসমান ফারুক বলেছেন, দেশের সার্বিক উন্নয়ন ও মধ্যম স্তরের প্রকৌশলীদের চাহিদা বিবেচনায় দেশে আরও পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপনে সরকারের ব্যাপক পরিকল্পনা রয়েছে। মন্ত্রী বৃহস্পতিবার ঢাকার ওসমানী স্মৃতি মিলনায়তনে ইনস্টিটিউট অফ ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশের সার্বিক ব্যবস্থাপনায় পলিটেকনিকি গ্রাজুয়েটদের জাতীয় মেধাপদক প্রদান ও সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে একথা বলেন।

ইনস্টিটিউটের সভাপতি রফিকুল ইসলাম ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক মো. আবুল বাশার এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মো. জহুরুল হক উপস্থিত ছিলেন। দেশের ২০টি সরকারি পলিটেকনিকসহ বেসরকারি পলিটেকনিক, মনোটেকনিক, গ্লাস অ্যান্ড সিরামিক, গ্রাফিক্স আর্টস এবং টেক্সটাইল টেকনোলজি থেকে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরিক্ষা-২০০২-এর মেধা তালিকায় ১ম থেকে তৃতীয় স্থান অর্জনকারী ৮৭ জন মেধাবী ছাত্র অনুষ্ঠানে উপস্থিত থেকে শিক্ষামন্ত্রীর কাছে থেকে এ পদক ও সনদ গ্রহণ করে। সংবাদ বিজ্ঞপ্তি।